



ভর্তি

## সরকারি মেডিকেল কলেজগুলোতে প্রথম মাইগ্রেশনের তালিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

সরকারি মেডিকেল কলেজগুলোতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সে ভর্তিতে প্রথম দফা মাইগ্রেশনের

By using this site, you agree to our Privacy Policy. OK

মাইগ্রেশনে মনোনীত হয়েছেন। মাইগ্রেশনে সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের ৯ মার্চের মধ্যে মাইগ্রেশন হওয়া কলেজে ভর্তি সম্পন্ন করতে বলা হয়েছে। শিক্ষার্থীরা ভর্তি না হলে উভয় কলেজ হতে ছাত্রত্ব বাতিল হয়ে যাবে বলে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘২০২৩-২৪ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে সরকারি মেডিকেল কলেজগুলোতে ভর্তি পরীক্ষার প্রকাশিত ফলাফলের ভিত্তিতে বিধিমোতাবেক মেডিকেল কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ পরিবর্তনের পূরণকৃত অনলাইন মাইগ্রেশন ফরমের প্রাপ্ত তথ্যানুসারে স্বয়ংক্রিয়ভাবে নিয়মানুযায়ী ১ম দফায় মাইগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হওয়ায় অপেক্ষামাণ তালিকা হতে ৬৩ (তেষটি) জনকে সরকারি মেডিকেল কলেজসমূহে শূন্য আসনে ভর্তির জন্য মনোনীত করা হলো। এ ক্ষেত্রে মেধা, পছন্দক্রম ও আসন শূন্যতার ভিত্তিতে বিভিন্ন কলেজ নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া পার্বত্য অঞ্চল ব্যতীত দেশের সমতল অঞ্চলের উপজাতীয় কোটায় (কোড নং ৭৭) প্রাথমিকভাবে মনোনীত শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে প্রমাণকসমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক যাচাইয়াত্তে অতি শিগগিরই ফলাফল প্রকাশ করা হবে। ভর্তির ক্ষেত্রে অত্র অধিদপ্তরের প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।’

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ‘অপেক্ষামাণ তালিকা ও অভিপ্রায়ণের (মাইগ্রেশন) ফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট খেতে জানা যাবে। এ ছাড়া, সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শুধু টেলিটকের ০১৫৫০১৫৫৫৫ নম্বর হতে এসএসএমের মাধ্যমে এ-সংক্রান্ত তথ্য জানানো হবে।’

\*\*মাইগ্রেশনের প্রথম তালিকা দেখুন এখানে



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.